



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
হিসাব শাখা-১  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
www.pwd.gov.bd



জরুরি  
সীমিত

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০১০.২৩.৬২১

তারিখ: ৮ আষাঢ়, ১৪৩০

২২ জুন ২০২৩

বিষয়: ঢাকার তেজগাঁওস্থ বাংলাদেশ জরিপ অধিদপ্তরের বাউন্ডারী ওয়ালে কাঁটাতারের বেড়া স্থাপন, সার্ভার রুমের বেইজ ফ্লোরকরণসহ প্রশাসনিক ভবনের প্রশাসনিক কর্মকর্তাদের রুমের অন্যান্য আনুষঙ্গিক সংস্কার ও মেরামত কাজের অর্থ ন্যস্তকরণ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজে খরচ করার জন্য ২১,৫৫,০০০/- (একুশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হলো।

উক্ত খরচ সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকার স্মারক নং-২৩.০৮.০০০০.০০৫.৪৬.০০৯.১৭-১৩৩১/১(৫); তারিখ: ০৬-০৬-২০২৩ খ্রিঃ এ মাধ্যমে ন্যস্তকৃত ২১,৫৫,০০০/- টাকা "৩২৫৮-মেরামত ও সংরক্ষণ" খাতের ৩২৫৮১০৭-অনাবাসিক ভবন উপখাতে ২০২২-২০২৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালনপূর্বক নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবে।  
উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ/পালন করতে হবে।

শর্তসমূহঃ

- ০১। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA 2006 ও PPR 2008 (সর্বশেষ সংশোধনীসহ) প্রযোজ্য আর্থিক বিধি-বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- ০২। প্রত্যাশি সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- ০৩। কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধযোগ্য।
- ০৪। বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরের/প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- ০৫। বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- ০৬। ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) যথা সময়ে এ দপ্তরে সমর্পণ করতে হবে।

২২-৬-২০২৩

আশেক আহমেদ শিবলী

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল: se\_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী,  
ঢাকা গণপূর্ত বিভাগ-৩, ঢাকা।